**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:05-10-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Gram Diwas-Sepahijala :**

তেলাঙ্গানার রাজ্যপাল যীষ্ণু দেববর্মা গতকাল সিপাহীজলা জেলার চড়িলাম ব্লকের অধীন উত্তর ব্রজপুর গ্রাম পঞ্চায়েতের গ্রাম দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন। উত্তর ব্রজপুর দরগাহ মাঠে আয়োজিত এই অনুষ্ঠানে রাজ্যপাল শ্রী দেববর্মা বলেন, গ্রামীণ মানুষদের মধ্যে মেলবন্ধন, উন্নয়নের পরিকল্পনা গ্রহণ ও মাতৃভূমির প্রতি আনুগত্য ও ভালোবাসা প্রকাশের লক্ষ্যে গ্রাম দিবস উদযাপনের যথেষ্ট গুরুত্ব রয়েছে। গ্রামোন্নয়ন মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, সদস্য রাজকুমার দেবনাথ, বিশালগড়ের মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী, চড়িলাম ব্লকের বি.ডি.ও কৃত্তিকা সাহা প্রমুখ। এই অনুষ্ঠানে গ্রামের প্রবীণ নাগরিকদের সংবর্ধনা প্রদান করা হয়।

***************************

**Jal Jiban Misson :**

জল জীবন মিশনে গত ২৯ সেপ্টেম্বর পর্যন্ত রাজ্যের গ্রামীণ এলাকায় ৬ লক্ষ ২৭ হাজার ৪৮৪টি বাড়িতে পাইপলাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এর মধ্যে শুধুমাত্র সেপ্টেম্বর মাসেই রাজ্যের গ্রামীণ এলাকায় ৩,৫৮৬টি বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এর মধ্যে উত্তর ত্রিপুরা জেলায় ২৫৮টি, ঊনকোটি জেলায় ৮৭টি, ধলাই জেলায় ৫৬৩টি, খোয়াই জেলায় ৬৮০টি, পশ্চিম ত্রিপুরা জেলায়

৩০২টি, সিপাহীজলা জেলায় ১০৯৭টি, গোমতী জেলায় ১৪৪টি ও দক্ষিণ ত্রিপুরা জেলায় ৪৫৫টি বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

***************************

**PM, Maharashtra :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মহারাষ্ট্র সফরে যাচ্ছেন। সফরকালে আজ তিনি ওয়াশিমে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি যোজনার অষ্টাদশ কিস্তি প্রদান করবেন। অনুষ্ঠান থেকে সারা দেশের ৯ কোটি ৪০ লক্ষেরও বেশি কৃষক সরাসরি সুবিধা স্থানান্তরের মাধ্যমে ২০ হাজার কোটি টাকার বেশি আর্থিক সুবিধা পাবেন। এছাড়াও তিনি কৃষি পরিকাঠামো তহবিলের অধীনে ১ হাজার ৯২০ কোটি টাকারও বেশি মূল্যের ৭ হাজার ৫০০টিরও বেশি প্রকল্প দেশকে উৎসর্গ করবেন। প্রধানমন্ত্রী আজ মহারাষ্ট্রের জন্য বেশ কিছু উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

***************************

**Haryana Assembly :**

হরিয়ানা বিধানসভা নির্বাচনের জন্য আজ সকাল সাতটা থেকে ভোট গ্রহণ শুরু হয়েছে। এই নির্বাচনে মোট ৯০টি আসনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন, ১০৩১ জন প্রার্থী। ভোটার রয়েছেন ২ কোটি ৩ লক্ষ ৫৪ হাজার ৩৫০ জন।ভোটগ্রহণের জন্য মোট ২০ হাজার ৬৩২টি ভোট কেন্দ্র স্থাপন করা হয়েছে। সন্ধ্যা ৬টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে।

****************************

**PM, Chips :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে দেশের বিভিন্ন অংশে শীঘ্রই পাঁচটি সেমিকন্ডাক্টর প্ল্যান্ট স্থাপন করা হবে এবং 'মেড ইন ইন্ডিয়া' চিপগুলি বিশ্বের কাছে উপলব্ধ হবে। নতুনদিল্লিতে

কৌটিল্য ইকোনমিক কনক্লেভে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী গতকাল একথা বলেন। তিনি বলেন ভারত মোবাইল ফোনের আমদানিকারক থেকে উৎপাদক হয়ে উঠেছে। তিনি জোর দিয়ে বলেন যে ভারতে প্রতিটি ক্ষেত্রে প্রচুর বিনিয়োগের সুযোগ রয়েছে এবং ভারত বিশ্বের সবচাইতে দ্রুত বর্ধনশীল এবং পঞ্চম বৃহত্তম অর্থনীতির দেশ। তিনি বলেন যে সংস্কার, সম্পাদন এবং রূপান্তর 'সরকারের পথপ্রদর্শক মন্ত্র।

*************************

**Sub-division Level Review Meeting :**

বিলোনিয়ায় দক্ষিণ জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের অফিসে গতকাল শান্তিরবাজার মহকুমার জোলাইবাড়ি সামাজিক স্বাস্থ্যকেন্দ্র সহ ৬টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপস্বাস্হ্য কেন্দ্রগুলিতে কর্মরত কমিউনিটি হেলথ অফিসার, বহুমুখী স্বাস্হ্যকর্মী ও আশা ফেসিলেটরদের নিয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রতিটি স্বাস্থ্যকেন্দ্রের স্বাস্থ্য পরিষেবার আরও উন্নতি ঘটাতে বিস্তারিত আলোচনা হয় বলে জানান জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: সুব্রত দাস।

*********************************

**Mental Health of Child-Workshop :**

আগরতলার প্রজ্ঞা ভবনে গতকাল ন্যাশনাল কমিশন ফর প্রোটেকশন অফ চাইল্ড রাইটস এবং স্টেট কমিশন ফর প্রোটেকশন অফ চাইল্ড রাইটস এর সহযোগিতায় শিশুদের কাউন্সেলিং এবং মানসিক স্বাস্থ্যের প্রয়োজন শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন ত্রিপুরা শিশু সুরক্ষা কমিশনের চেয়ারপারসন জয়ন্তী দেব্বর্মা, ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের চেয়ারপারসন ঝর্ণা দেব্বর্মা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা তপন দাস, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ব বিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপিকা অঞ্জনা ভট্টাচার্য প্রমুখ। শিশু

সুরক্ষা কমিশনের চেয়ারপারসন জয়ন্তী দেববর্মা বলেন এই কর্মশালায় মূলত শিশুদের মানসিক স্বাস্থ্যের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। তিনি বলেন, কাউন্সেলিং শিশুদের যেকোনো পরিস্থিতির সাথে মোকাবিলা করার দক্ষতা এবং তাদের আত্মসম্মান উন্নত করতে সাহায্য করতে পারে।

***************************

**TRTC BUS SERVICE :**

ত্রিপুরা সড়ক পরিবহন নিগম চেয়ারম্যান বলাই গোস্বামী গতকাল জানিয়েছেন, বাংলাদেশের অভ্যন্তরীন পরিস্থিতির কারনে গত ৫ই আগস্ট থেকে ঢাকা হয়ে আগরতলা-কলকাতা ভলভো বাস পরিসেবা বন্ধ রয়েছে। এই পরিষেবা বন্ধ থাকায় TRTC-র প্রতিমাসে প্রায় এক লক্ষ ৫০ হাজার টাকার লোকসান হচ্ছে। তিনি জানান, বর্তমানে TRTC-র নিজস্ব ১২টি বাস রাজ্যের ১২টি রুটে চলাচল করছে। শারদ উৎসবের সময়ও এই বাসগুলি নিয়মিত চলাচল করবে।

***************************

**Women's Cricket :**

অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের টি-২০ জাতীয় ক্রিকেটের আসরে, গ্রুপের তৃতীয় ম্যাচে এসে জয়ের মুখ দেখলো ত্রিপুরা। চন্ডিগড়ের সেক্টর ২৬ ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ৪৪ রানে অরুণাচল প্রদেশকে পরাজিত করে। প্রথমে ব্যাট করে নির্দ্ধারিত ২০ ওভারে রাজ্যদল ৮ উইকেট হারিয়ে ১০৯ রান করে। জবাবে অরুণাচল প্রদেশ ১৬ ওবার ৪ বল-এ সবকটি উইকেট হারিয়ে ৬৫ রান করতে সক্ষম হয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি অথবা বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। পশ্চিম, গোমতি ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘন্টায় সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকবে। গতকালের সবোর্চ্চ তাপমাত্রা ছিল ৩২.২ ডিগ্রী সেলসিয়াস। আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা দেখা গেছে ২৪.২ ডিগ্রী সেলসিয়াস।

***************************